DDATM

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯
প্রশাসন বিভাগ
www.caab.gov.bd

বিষয়: "হজ টাস্কফোর্স-২০২২" এর ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব মোঃ মিজানুর রহমান, সদস্য (প্রশাসন) ও আহবায়ক, "হজ টাস্কফোর্স-২০২২"।
তারিখ	:	১৯-০৬-২০২২, রোজ রবিবার, সকাল-১১.০০ ঘটিকা
স্থান	:	বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, সদর দপ্তর, সম্মেলন কক্ষ (লেভেল-৬)।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (পরিশিষ্ট-ক)-তে সন্নিবেশিত।

সভাপতি "হজ টাস্কফোর্স-২০২২" এর ৩য় সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে এ সংক্রান্ত ২য় সভার সিদ্ধান্তসমূহ সংশ্লিষ্ট সকলের সমন্বয়ে আন্তরিক সহযোগিতায় বাস্তবায়িত হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়। সভায় জানানো হয় যে, অদ্য ১৯/০৬/২০২২ তারিখ সকালের হিসাব অনুযায়ী ২২,০২৯ (বাইশ হাজার উনত্রিশ) জন হজযাত্রী বাংলাদেশ হতে পবিত্র হজ পালনের উদ্দেশ্যে সৌদি আরবে গমন করেছেন। এছাড়া, "বিজনেস অটোমেশন" কর্তৃক আইটি সেবা, স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক RT-PCR সেবা, বেবিচক কর্তৃক ওযুর পানি সরবরাহ, নামাজের স্থান, চেয়ার ও ট্রলি সংক্রান্ত সকল ধরনের সেবা ইতোমধ্যে নিশ্চিত করা হয়েছে। সভায় সৌদি এরাবিয়ান এয়ারলাইন্সের প্রতিনিধি জানান যে, এ বছর হজ থেকে প্রত্যাগমনের সময় সম্মানিত হাজীদের লাগেজ সৌদি এরাবিয়ান এয়ারলাইন্স কর্তৃক সম্মানিত হাজীগণ যে হোটেলে থাকবেন সেই হোটেল থেকে সংগ্রহ করা হবে বিধায় এ সংক্রান্ত একটি ফরম পূরণ করে সৌদি এরাবিয়ান এয়ারলাইন্স কর্তৃপক্ষকে সরবরাহের জন্য সংশ্লিষ্ট হজ এজেন্সীকে অনুরোধ করেন। এছাড়াও, সৌদি এরাবিয়ান এয়ারলাইন্স ও ফ্লাইন্যাস এয়ারলাইন্স কর্তৃক বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ন্যায় ফেরার পর জমজমের পানি প্রত্যেক হজযাত্রীকে সরবরাহ করা হবে। সকল এয়ারলাইন্স হতে শূন্য সীটসমূহ দ্রুত হজ এজেন্সী হতে বুকিং দিয়ে তা পূরণের ব্যবস্থা নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। হাব এর প্রতিনিধি বিশেষভাবে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের সিডিউল ও শূন্য আসনের বিস্তারিত তথ্য তাঁদের জন্য উন্মুক্ত করে দেয়ার অনুরোধ করেন। এছাড়াও উল্লেখ্য যে, স্বাস্থ্যসেবা, ট্রাফিক ব্যবস্থা এবং ফিরতি পথে কাস্টমস এর কার্যক্রম নিয়েও বিস্তারিত আলোচনা করা হয়। সভায় সম্মানিত হজযাত্রীদের যাতায়াত ব্যবস্থা আরো স্বাচ্ছন্দ্যময় করতে সর্বোচ্চ গুরুত্ব প্রদান করা হচ্ছে মর্মে ট্রাফিক (উত্তর), ডি.এম.পি'র প্রতিনিধি জানান। সার্বিক বিষয়াদি পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয় :

সিদ্ধান্তসমূহ :

১. পবিত্র হজ পালন শেষে সম্মানিত হাজীগণকে জমজমের পানি বণ্টনের সুবিধার্থে সংশ্লিষ্ট তিনটি এয়ারলাইন্স তাঁদের নিজ নিজ হাজীদের সৌদি আরব হতে ঢাকায় আগমনের পূর্বেই ভিন্ন ভিন্ন ৩ টি কালারের ট্যাগ/টোকেন সরবরাহ করবেন। সংশ্লিষ্ট এয়ারলাইন্স হতে সম্মানিত হাজীগণ বিমানবন্দর হতে বেরিয়ে যাবার পথে জমজমের পানি সরবরাহের বিষয়টি নিশ্চিত করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

২. সম্মানিত হাজীগণ যে ফ্লাইটে আগমন করবেন সেই ফ্লাইটেই যাতে তাদের লাগেজসহ অন্যান্য মালামালও আসে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দায়িত্বপ্রাপ্ত এয়ারলাইন্সসমূহ ও হাবকে অনুরোধ করা হয়।

৩. পবিত্র হজ পালন শেষে সম্মানিত হাজীগণ যাতে নির্বিঘ্নে বিমানবন্দর হতে বের হতে পারেন সেলক্ষ্যে সহযোগিতা করার জন্য ন্যূনতম ২০ (বিশ) জন করে তিন শিফটে সর্বমোট ৬০ (ষাট) জন স্কাউট সদস্যকে নিয়োজিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।

৪. হজক্যাম্পে হাবের প্রতিনিধিকে (সংশ্লিষ্ট এজেন্সীসহ) সার্বক্ষণিক উপস্থিত থেকে বিভিন্ন তথ্য দিয়ে সম্মানিত হজযাত্রীদেরকে সহযোগিতা করা এবং যথাসময়ে হজযাত্রীদেরকে হজক্যাম্পে উপস্থিতি নিশ্চিত করার জন্য হাবকে (সংশ্লিষ্ট এজেন্সীসহ) অনুরোধ করা হয়।

৫. পবিত্র হজ পালন শেষে প্রত্যাবর্তনের সময় সম্মানিত হাজীগণের জন্য লাগেজ বেল্টের কাছে পর্যাপ্ত ট্রলি ও চেয়ার প্রস্তুত রাখার বিষয়ে নির্বাহী পরিচালক, হশাআবি-কে অনুরোধ করা হয়।

৬. সম্মানিত হাজীগণের প্রত্যাবর্তনের সময় বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, সৌদি এরাবিয়ান এয়ারলাইন্স এবং ফ্লাইন্যাস এয়ারলাইন্স-এর একজন করে প্রতিনিধিকে বিমানবন্দরে উপস্থিত থেকে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়।

৭. যে সকল সম্মানিত হজযাত্রী নির্ধারিত ফ্লাইটে সৌদি আরব যেতে পারেননি তাঁদের পরবর্তী ফ্লাইট কখন/কিভাবে হবে সে বিষয়ে দ্রুত একটি পরিকল্পনা তৈরি করার জন্য হজ এজেন্সীসমূহের সাথে সমন্বয় ও তাগাদা প্রদান পূর্বক হাবকে সংশ্লিষ্ট এয়ারলাইন্সসমূহের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হয়।

৮. কোনো ফ্লাইট বিলম্ব হলে স্ব স্ব এয়ারলাইন্সকে সম্মানিত হজযাত্রীদের আতিথেয়তাসহ সার্বিক সহযোগিতার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

৯ হজক্যাম্প হতে প্রতিটি ফ্লাইটের হজযাত্রীগণ প্রস্থানের পর সংশ্লিষ্ট সকল এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার জন্য পরিচালক (হজ), হজ অফিস, আশকোনা-কে অনুরোধ করা হয়।

চলমান পাতা-০২

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/৬/২০২২
(মোঃ মিজানুর রহমান)
সদস্য (প্রশাসন)
ও
আহবায়ক
"হজ টাস্কফোর্স-২০২২"
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ফোন : ৮৯০১০৬৮ (অফিস)
মোবাইল : ০১৭১২-৬৮২৩৫২
E-mail: madmin@caab.gov.bd

নথি নং-৩০.৩১.০০০০.২০১.০৩.০০১.২১- ১২৬৭৩ তারিখ : ২৯/০৬/২০২২ খ্রিঃ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. যুগ্মসচিব (প্রশাসন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।
৩. পরিচালক (হজ), হজ অফিস, আশকোনা, কুর্মিটোলা, ঢাকা।
৪. পরিচালক (গ্রাহক সেবা), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা।
৫. উপ-সচিব (বিমান), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. উপ-সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. উপ-সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. পরিচালক (এভসেক), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।
৯. উপ-পুলিশ কমিশনার (ট্রাফিক উত্তর), ডি.এম.পি, খিলক্ষেত, ঢাকা।
১০. পরিচালক (সিএনএস), হশাআবি, কুর্মিটোলা, ঢাকা।
১১. পরিচালক (মানব সম্পদ উন্নয়ন ও সাধারণ প্রশিক্ষণ), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
১২. স্কোয়াড্রন লিডার রিদওয়ান, এয়ারপোর্ট সিকিউরিটি ম্যানেজার (এভসেক), হশাআবি, কুর্মিটোলা, ঢাকা।
১৩. ডেপুটি কমিশনার অব কাস্টমস, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
১৪. অফিসার ইনচার্জ, বিমানবন্দর থানা, কুর্মিটোলা, ঢাকা।
১৫. প্রতিনিধি, সৌদি এরাবিয়ান এয়ারলাইন্স, হোটেল সোনারগাঁও, ১০৭ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা।
১৬. প্রতিনিধি, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাত্তার সেন্টার, ১৬তলা, ৩০/এ, নয়া পল্টন, ঢাকা।
১৭. প্রতিনিধি, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ (আটাব), সাত্তার সেন্টার, ১৬তলা, হোটেল ভিক্টরী লিঃ), ৩০/এ, নয়া পল্টন, ভিআইপি রোড, ঢাকা।
১৮. প্রতিনিধি, ফ্লাইন্যাস এয়ার লাইন্স, ১১৪ কাজী নজরুল ইসলাম এভিনিউ, রূপায়ন ট্রেড সেন্টার (২য় তলা), বাংলা মটর, ঢাকা।
১৯. প্রতিনিধি, বিজনেস অটোমেশন লিমিটেড, বিডিবিএল ভবন, লেভেল-৯, ১২ কাওরান বাজার, ঢাকা।
২০. জনাব মোহাম্মদ ইকরাম উল্লাহ, উপ-পরিচালক (প্রশাসন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
২১. জনাব মোহাম্মদ আবিদুল ইসলাম, সহকারী পরিচালক (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
২২. জনাব দেবব্রত বর্মা, সহকারী পরিচালক (সিএনএস), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।
২৩. স্বাস্থ্য বিভাগ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধান প্রকৌশলী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সচিবের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. পরিচালক (সিএনএস), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. সদস্য (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৭. পরিচালক (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

(মোঃ জহিরুল ইসলাম)
পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ফোন : ৮৯০১৪১২ (অফিস)
মোবাইল : ০১৭১২-২৫৪৫৯৫
E-mail: dadmin@caab.gov.bd